

106528 - “রোজাদারের ঘুম হল ইবাদত” শীর্ষক হাদিসটি যয়ীফ বা দুর্বল

প্রশ্ন

প্রশ্ন: আমি একজন আলোচককে “রোজাদারের ঘুম ইবাদত” এই শীর্ষক নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর একটি হাদিস বলতে শুনেছি। এই হাদিসটি কি সহীহ?

প্রিয় উত্তর

সমস্ত প্রশংসা আল্লাহর জন্য। এই হাদিসটি সহীহ নয়। এটিনবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম হতে সাব্যস্ত হয়নি। ইমাম বাইহাকী তাঁর ‘শুআবুল ইম্যান’ (৩/১৪৩৭) গ্রন্থে ‘আব্দুল্লাহ ইবনে আবু আওফারাদিয়া সাল্লাল্লাহু আনহু থেকে বর্ণনা করেন যে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন:

عن عبد الله بن أبي أوفى وفرضيا لله عن أن النبي صلى الله عليه وسلم قال :
(نوم الصائم عبادة، وصمته تسبيح، ودعاؤه مستجاب، وعمله مضاعف)

“রোজাদারের ঘুম হল ইবাদত। তার নিরবতা অবলম্বন হল- তাসবীহ। আর তার দোয়া হল কবুলযোগ্য এবং তার আমলের সওয়াব বহুগুণ বেশি।”

ইমাম বাইহাকী এই হাদিসটির সনদকে “যয়ীফ” (দুর্বল) আখ্যায়িত করেছেন। তিনি বলেন: মারুফ ইবনে হাসান (সনদের রাবীদের একজন): যয়ীফ (দুর্বল) এবং সুলাইমান ইবনে আমর আন-নাখাঈ তার চেয়ে ও যয়ীফ (দুর্বল)।

ইরাকী তাঁর ‘তাখরীজ ইহইয়া উলুমুদদ্বীন’ (১/৩১০) নামক গ্রন্থে বলেন: সুলাইমান আন-নাখাঈ মিথ্যাবাদীদের একজন।

মুনাউয়ী তাঁর ‘ফাইজুল কাদির’ (৯২৯৩) নামক গ্রন্থে তাকে যয়ীফ (দুর্বল) আখ্যায়িত করেছেন। আলবানী ‘সিলসিলাতুল আহাদিস আদ যায়িফা’ (৪৬৯৬) গ্রন্থে তাকে উল্লেখ করেছেন এবং বলেছেন: “সে যয়ীফ (দুর্বল)।”

তাইসাধারণ মুসলমানদের দায়িত্ব হলো খতিব ও যাজের-বক্তাদের বক্তব্য তাদের নিকট থেকে নিশ্চিত হওয়া। এতে করে তারা কোন উক্তিকে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর সাথে সম্পৃক্ত করার আগে নিশ্চিতভাবে জেনে নিবেন। কারণ যে কথা রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেননি তা তাঁর উপর আরোপ করা জায়েয নয়। রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন:

قال صلى الله عليه وسلم : (إِنَّ كَذِبًا عَلَيَّ لَيْسَ كَكَذِبٍ عَلَى أَحَدٍ ، مَنْ كَذَبَ عَلَيَّ مُتَعَمِّدًا فَلَيْتَبَوُّهُ مَفْعَدَهُ مِنَ النَّارِ)

. رواه البخاري (1391) ورواه مسلم في مقدمة صحيحه (4)

“নিশ্চয় আমার নামে মিথ্যা বলা অন্য কারো নামে মিথ্যা বলার মত নয়। যে ব্যক্তি ইচ্ছাকৃতভাবে আমার নামে মিথ্যা বলে সে যেন তার স্থান জাহান্নামে নির্ধারণ করে নেয়।”[সহীহ বুখারী (১৩৯১) ও সহীহ মুসলিমের ভূমিকায় (৪)]

আল্লাহই সবচেয়ে ভাল জানেন।